

দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ বৃহস্পতিবার ॥ ৩০ জুলাই ২০২৬ ॥ ১৫ সফর ১৪৪৮ ॥ ১৫ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৫৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

আবাসন সংকটে ভোগান্তিতে বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা

গীয়া তদন্ত কমিটির জন্য বিদেশি
২ এর পাতায় দেখুন

কবীর্ভনাথানা

আত্মজ্ঞাতব্য প্রতিদিন

নিজ বাড়িতে মানুষের অভিযোগ

দেন এবং দ্রুত সমাধানে সংশ্লিষ্টদের সঙ্গে যোগাযোগ করে প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস প্রদান করেন এমপি। জানা গেছে, সাধারণ মানুষের সঙ্গে সরাসরি যোগাযোগ বজায় রাখা এবং তাদের সমস্যার কথা শুনে কার্যকর উদ্যোগ নেওয়াকে তিনি দায়িত্বের গুরুত্বপূর্ণ অংশ হিসেবে মনে করেন। এ কারণে প্রায় প্রতিদিনই নির্ধারিত সময়ে সাধারণ মানুষের জন্য সময় বরাদ্দ রাখেন তিনি। কোনো ধরনের জবোদে ছাড়াই বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ তার কাছে নিজেদের কথা তুলে ধরার সুযোগ পান। অনেকেই প্রয়োজনীয় পরামর্শ ও আশ্বাস নিয়ে সন্তোষ প্রকাশ করেন। ড. শহিদুল ইসলাম মাসুদ জানান, জনপ্রতিনিধি হিসেবে জন্মগণের সঙ্গে নিবিড় যোগাযোগ বজায় রেখে তাদের সমস্যা সমাধান ও এলাকার উন্নয়নে কাজ করার এই দায়াবাহিকতা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

ভারত থেকে অক্সিজেন আমদানি করেই

২৯টি হাসপাতালে বাতাস থেকে অক্সিজেন তৈরির প্রযাক্ট স্থাপন করা হয়। এর একটি অক্সিজেন জেনারেটর প্রযাক্ট বরগুনা জেনারেল হাসপাতালে স্থাপন করা হয়। ওই প্রযাক্টটি স্থাপনের পর বাতাস থেকেই অক্সিজেন সেন্ট্রাল পাইপলাইনের মাধ্যমে অক্সিজেন সরবরাহ করা হতো হাসপাতালের বিভিন্ন ওয়ার্ডে ভর্তি থাকা রোগীদের। এছাড়া ওই প্রযাক্ট থেকে উপাদিত অক্সিজেন সিলিভারের মাধ্যমে বরগুনার বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও সরকারি আয়ুর্ষসে সংরবাহ করা হতো। কিন্তু চার বছর ধরে বিকল এই প্রযাক্ট। একাধিকবার মন্ত্রণালয়ের চিঠি দিয়েও কোনো সাড়া মেলেনি। তাই ভারত থেকে আমদানি করা অক্সিজেন কিনে এখন হাসপাতালে সরবরাহ করা হচ্ছে। এতে প্রতিমাসে অতিরিক্ত খরচ হচ্ছে অল্পত পাঁচ লাখ টাকা। সরেজমিনে বরগুনা জেনারেল হাসপাতালে বাতাসের মাধ্যমে অক্সিজেন জেনারেটর প্রাস্টেন্টে সঠিক দেখা যায়, দীর্ঘদিন ধরেই দরজায় খুলছে তালা। তালা খুললে ভেতরে দেখা যায়, অক্সিজেন প্রাস্ট্যান্টির বিভিন্ন যন্ত্রাংশের ধুলো-ময়লার স্থাপ্ জমেছে। আর সচা না থাকায় মরিচা রপ্তে রপ্ত করেছে যন্ত্রাংশগুলোতে। এছাড়া বর্তমানে ওই প্রাস্টেন্টে সঠিক কোনো রক্ষণাবেক্ষণ নেই। স্থাপনের এক বছর পরেই বিকল হয়ে যাওয়ায় বর্তমানে বন্ধ রয়েছে হাসপাতালে বাতাস থেকে অক্সিজেনের উৎপাদন। আর এ কারণেই হাসপাতাল কর্তৃপক্ষকে বাড়তি খরচে ভারত থেকে অক্সিজেন উৎপাদনের জন্য লিকুইড আমদানি করে চালাতে হয় লিনডে নামক একটি কোম্পানির স্থাপন করা আরেকটি অক্সিজেন প্রাস্টিক। তবে হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, বাতাসের মাধ্যমে অক্সিজেন তৈরির ওই প্রাস্টটি সলল করতে পারলে খরচ কমান্বহ হাসপাতালের চাহিদা পূরণ করে আবারও বিভিন্ন উপজেলায় স্থানীয়ভাবে অক্সিজেন সরবরাহ করা যাবে। বরগুনা জেনারেল হাসপাতালের অফিস সহকারী মো. জালাল আহমেদ বলেন, করোনার সময় আমাদের ওই অক্সিজেন প্রাস্টটি দেওয়া হয়েছে। এরপর এক বছর চা্লু ছিল। এ সময় আমাদের হাসপাতালে এই মেশিন দিয়েই অক্সিজেন সরবরাহ করা হতো। এবং অতিরিক্ত অক্সিজেন বরগুনার বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এসে সিলিভার ভরে নিয়ে যেত। কিন্তু বর্তমানে ওই প্রাস্টটি সম্পূর্ণ বন্ধ। বর্তমানে অক্সিজেন ভর্তি থেকে আনতে হয় জানিয়ে হাসপাতালের হিসাবরক্ষক মো. রফিকুল ইসলাম বলেন, আমাদের একটি লিকুইড অক্সিজেন প্রাস্ট আছে। সেখানে আমদানি থেকে লিকুইড দিয়ে যায়। এতে আমাদের অনেক টাকা খরচ হয়। আরও পড়ুন মোবাইল হ্যাক করে ব্যাংক হিসাব চোখে ঢাকা আবুসাং, শ্রেফতার ১ হাসপাতালের প্রধান সহকারী মো. শহিদুল ইসলাম (স্বপ্ন) বলেন, গ্লোবাল ফান্ড ও ইউএনএফপিওসের সহায়তায় যে অক্সিজেন প্রাস্ট দিয়েছে তা কিছুদিন চলা পর বন্ধ হয়ে গেছে। উর্ধ্বতন কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য চিঠির মাধ্যমে জানিয়েছি। তারা যদি এই প্রাস্টটি চালুর জন্য ব্যবস্থা গ্রহণ করে তাহলে আবারও পুনরায় চা্লু হবে।২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার মাহমুদ মুরশীদ আল-মামুন বলেন, বাতাস থেকে অক্সিজেন তৈরির প্রাস্টটি কারিগরি জটির কারণে বর্তমানে বন্ধ আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে বেশ কয়েকবার চিঠি চালাচালা করা হয়েছে। এখন পর্যন্ত কার্যকর কোনো ব্যবস্থা গ্রহণ করা হয়নি। তবে আশাকরি খুব দ্রুতই প্রাস্টটি সচল করতে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে।

ইরানকে অস্ত্র দিচ্ছে চীন, মজুত

হয়ছে, অন্যদিকে নিজেদের প্রতিরক্ষা সম্ভবাসা দ্রুত পূর্ণগঠনে চীনের দিকে ঝুঁকছে ইরান। একই সময়ে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সবচেয়ে বড় কূটনৈতিক শক্তি বলে বিবেচিত যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্কও আগের মতো নির্ভরযোগ্য থাকছে না। সব মিলিয়ে মধ্যপ্রাচ্যে তৈরি হয়েছে এক নতুন বাস্তবতা, যেখানে সামরিক শক্তির পাশাপাশি কূটনীতি ও রাজনৈতিক সন্নিকরও দ্রুত বলে যাচ্ছে। ইরানের বিরুদ্ধে টানা প্রায় ৪০ দিনের সামরিক অভিযানে বিপুল পরিমাণ আধুনিক ক্ষেপণাস্ত্র ও আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা ব্যবহার করেছে যুক্তরাষ্ট্র। হোয়াইট হাউজের তথ্য অনুযায়ী, অভিযানে ব্যয় হয়েছে প্রায় ৩৭ দশমিক ৫ বিলিয়ন ডলার। এ সময় হাজার হাজার লক্ষ্যবস্তুতে হামলা চালালে হয় এবং ইরানের ছোড়া ১ হাজার ৭০০টিও বেশি ড্রোনে ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ভূপাতিত করা হয়। মার্কিন সেনেটের ডোনাড ট্রাম্প দাবি করেছেন, যুক্তরাষ্ট্রের অস্ত্রভাণ্ডার এখনো বিশ্বের সবচেয়ে শক্তিশালী। তবে একই সঙ্গে তিনি প্রতিরক্ষা শিল্পকে দ্রুত অস্ত্র উপাদান বাড়াানের নির্দেশ দিয়েছেন। প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথও ব্যবহৃত অস্ত্রের ঘাটতি পূরণে অতিরিক্ত ৮৭ বিলিয়ন ডলার বরাদ্দের প্রয়োজনীয়তার কথা জানিয়েছেন। বিশ্লেষণমূলের মতে, এটি ইঙ্গিত দিচ্ছে যে দীর্ঘমেয়াদি যুদ্ধ চালিয়ে যাওয়ার ক্ষেত্রে যুক্তরাষ্ট্রকেও এখন নতুন হিসাব করতে হচ্ছে। ওয়াশিংটন-ভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান সেন্টার ফর স্ট্র্যাটেজিক অ্যান্ড ইন্টারন্যাশনাল স্টাডিজ (সিএসআইএস) বলেছে, যুদ্ধে সবচেয়ে বেশি ব্যবহৃত হয়েছিল টমাহক ও পাউণ্ডেট্র ক্ষেপণাস্ত্র। প্রতিষ্ঠানটির গবেষকদের মতে, একটি উন্নত ক্ষেপণাস্ত্র উপাদানে এক থেকে পাঁচ বছর পর্যন্ত সময় লাগে। ফলে এখনই অতিরিক্ত অর্থ বরাদ্দ দিলেও যুদ্ধের আগের মজুত পর্যায়ে ফিরতে কয়েক বছর লেগে যেতে পারে। বিশেষজ্ঞদের আশঙ্কা, ভবিষ্যতে তাইওয়ান, উত্তর কোরিয়া বা অন্য কোনো বড় সংঘাত দেখা দিলে এই সীমিত মজুত যুক্তরাষ্ট্রের জন্য নতুন কৌশলগত চ্যালেঞ্জ তৈরি করতে পারে। অন্যদিকে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের সঙ্গে কয়েক মাসের যুদ্ধের পর নিজেদের আকাশ প্রতিরক্ষা জোরদার বড় পদক্ষেপ নিয়েছে ইরান। কয়েক সপ্তাহের মধ্যেই চীনের তৈরি শত শত কাঁশে বহনযোগ্য আকাশ প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র (ম্যানপাডাস) ইরানে পৌছাতে পারে। সুত্রগুলোর দিকে, ৬০ থেকে ৭০ মিলিয়ন ডলারের চুক্তির আওতায় ৩০০ থেকে ৪০০টি কিউডব্লিউ-১২ ও এফএন-১৬ ক্ষেপণাস্ত্র কেনার পরিকল্পনা রয়েছে। এগুলো নিচু দিয়ে উড়তে থাকা যুদ্ধবিমান, হেলিকপ্টার ও ড্রোন প্রতিহত করতে সক্ষম। যদিও চীনের পররাষ্ট্র মন্ত্রণালয় এ ধরনের অস্ত্র সরবরাহের খবরকে সম্পূর্ণ ভিত্তিহীন বলে দাবি করেছে। সাম্প্রতিক সন্ধ্যাতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলায় ইরানের ক্ষেপণাস্ত্র, ড্রোন এবং আকাশ প্রতিরক্ষা সংশ্লিষ্ট অনেক স্থাপনা ক্ষতিগ্রস্ত হয়। এর ফলে স্থায়ী প্রতিরক্ষা ব্যবস্থার দুর্বলতা স্পষ্ট হয়ে ওঠে। সেই উদ্বেজতার পরই সহজে বহনযোগ্য, দ্রুত মোতায়েনযোগ্য এবং প্রয়োজন অনুযায়ী স্থানান্তর করা যায় এমন অস্ত্রের দিকে বেশি গুরুত্ব দিচ্ছে তেহরান। জানা গেছে,

হংকংভিত্তিক একটি প্রতিষ্ঠানের মাধ্যমে চুক্তিটি সম্পন্ন হয়েছে। প্রাথমিকভাবে পশ্চিম চীনের উজ্জমিক থেকে পাকিস্তান হয়ে এসব অস্ত্র ইরানে নেওয়ার পরিকল্পনা রয়েছে। যদিও পাকিস্তান এই দাবিকে সম্পূর্ণ ভিত্তিহীন বলে প্রত্যাখ্যান করেছে।

‘বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত

জন্ম আমন্ত্রণ জানানো হয়েছে। বুধবার (২৯ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন ভারতীয় হাইকমিশনার। প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে করা প্রশ্নের জবাবে দীপেশ ত্রিবেদী বলেন, আমি মনে করি, এটা প্রধানমন্ত্রীর আত্মপ্রকাশ। তবে আমাদের পক্ষ থেকে বলতে পারি, আমরা বাংলাদেশ সরকারপ্রধানকে ভারতে স্বাগত জানানোর জন্য অধীর অপেক্ষা করছি। আশা করছি খুব শিগগিরই এই সফরটি বাস্তবায়িত হবে। আগামী ১২-১৩ সেপ্টেম্বর ভারতের নয়াদিল্লিতে ব্রিকসের ১৮তম সম্মেলন অনুষ্ঠিত হবে। ব্রিকসের সদস্য রাষ্ট্র না হলেও বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে অংশ নিতে আমন্ত্রণ জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। হাইকমিশনার দীপেশ ত্রিবেদী আজ পররাষ্ট্রমন্ত্রী খলিলুর রহমান এবং পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাখা ওবায়দ ইসলামের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। এটি পররাষ্ট্রমন্ত্রী-প্রতিমন্ত্রীর সঙ্গে ভারতীয় হাইকমিশনারের প্রথম সাক্ষাৎ। সাক্ষাৎ শেষে ভারতীয় হাইকমিশনার বলেন, আজকের মিটিংটা অত্যন্ত চমৎকার হয়েছে। ৭আমি মনে করি, এই বৈঠকটি একটি ইতিবাচক পদক্ষেপ। খুব আন্তরিক পরিবেশে আলোচনাটি সম্পন্ন হয়েছে, কারণ আমাদের মূল লক্ষ্য ও বিষয়গুলো একেবারেই অভিন্ন। ঐতিহাসিকভাবে, সাংস্কৃতিকভাবে, এমনকি সৌভাষ্যুর দিক থেকেও যেমন ক্রিকেট-আমাদের পারস্পরিক সম্পর্ক অনেক গভীর। আমরা এসব বিষয় নিয়ে খোলামেলা কথা বলেছি। দীপেশ ত্রিবেদী বলেন, আমি এখন থেকে অত্যন্ত আনন্দিত ও কৃতজ্ঞ মনে ফিরে যাছি। আপনারা জানেন যে, আমরা ভিন্না খুলে দিয়েছি; যাতে ভারত ও বাংলাদেশ উভয় দেশের মানুষই এর সুফল পেতে পারে। ভারতের সঙ্গে বাংলাদেশের সম্পর্ক ঐতিহাসিক উল্লেখ্য করে হাইকমিশনার বলেন, আমাদের এই সম্পর্ক ঐতিহাসিক। আমরা শুধু সীমান্তই ভাণ্ডাভাগি করি না, আমাদের ইতিহাস, সংস্কৃতি এবং ভবিষ্যৎ স্বপ্নও এক। তিনি বলেন, আজকের বৈঠকটি খুব ভালো হয়েছে। আমি এমন একটি সম্পর্কের দিকে তাকিয়ে আছি, যার মূল ভিত্তিই হলো উভয় দেশের মানুষের পারস্পরিক কল্যাণ। এটি কেবল ভুল, আশা বা ভবিষ্যতে একে অপসরের সঙ্গে আরও নিবিড়ভাবে কাজ করে যাবে। তিন্তা-গল্পা পলিবটন চুক্তি নিয়ে করা প্রশ্নের জবাবে দীপেশ ত্রিবেদী বলেন, আজকের সাক্ষাট্টে মূলত সৌজন্যমূলক ছিল। তবে পারস্পরিক বোঝাপড়া থাকলে এমন কোনো সমস্যা নেই, যা সমাধান করা সম্ভব না। দিনশেষে মূল বিষয়টি হলো সাধারণ মানুষের কল্যাণ। দুই দেশের গণতন্ত্র ও জনগণের জন্য যা ভালো, সেটিই করা হবে। হাইকমিশনার বলেন, পানি স্রষ্টার বিষয়ে ভারত ও বাংলাদেশ উভয় পক্ষ যৌথ ওয়ার্কিং গ্রুপ কাজ করছে। তারা নিজেদের মধ্যে অবশ্যই আলোচনা করবে। যৌথ ওয়ার্কিং গ্রুপগুলো সক্রিয়ভাবে তাদের কাজ করছে এবং ভারতের সফরে সার্বিক বিষয়গুলো নিয়ে ইতিবাচক অগ্রগতি হবে বলে আমরা আশাবাদী।

সমকামিতার অভিযোগ ওঠা

ইসলামের সঙ্গে কোনো ধরনের সাংগঠনিক সম্পর্ক না রাখার নির্দেশনা দেওয়া হয়েছে। এ প্রেস বিজ্ঞপ্তিটি প্রেরণ করে জেলা ছাত্রলয়ের দপ্তর সম্পাদক খালিদ হাসান। এর আগে শহীদ ভিত্তি ডিগ্রি কলেজ ছাত্রদের একাশের নেতাকর্মীরা সংবাদ সম্মেলন করে আরিফুল ইসলাম মোস্তাফার বিরুদ্ধে ভূয়া (ফেক) ফেসবুক আইডি ব্যবহার করে শিক্ষার্থীদের অনৈতিক (সমকামিতা) প্রস্তাব দেওয়ার অভিযোগ তোলেন। সংবাদ সম্মেলনে লিখিত প্রস্তাবে কলেজ ছাত্রদের প্রচার সম্পাদক মো. ফারদিন ইসলাম অভিযোগ করেন, আরিফুল ইসলাম মোস্তা মেয়েদের নামে একাধিক ভূয়া ফেসবুক আইডি খুলে সংগঠনের নেতাকর্মী ও সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে প্রভাবশালীক যোগাযোগ করতেন। পরে তাদের অনৈতিক প্রস্তাব দিচ্ছে। তিনি আরও দাবি করেন, কয়েকজন শিক্ষার্থীর সঙ্গে জোটপূর্বক সমন্বিতভাবে চেষ্টাও করা হয়েছে এবং এ-সংক্রান্ত কিছু তথ্য-প্রমাণ তাদের কাছে রয়েছে। বিষয়টি জানতে পেরে তারা সভাপতিকে বিজ্ঞাসা করলে তিনি টাকা দিয়ে বিষয়টি মীমাংসার প্রস্তাব দেন বলেও অভিযোগ করেন। সংবাদ সম্মেলনে কলেজ ছাত্রদের মতো মো. ইশতিয়াক দাবি করেন, বিভিন্ন ভূয়া ফেসবুক আইডির মাধ্যমে একাধিক ব্যক্তিকে অনৈতিক প্রস্তাব দেওয়া হয়েছে এবং এ-সংক্রান্ত মেসেঞ্জার কন্ফারেন্সের রেকর্ডশীট তাদের কাছে সংরক্ষিত রয়েছে। অপর ছাত্রতানা মো. আরিফুল ইসলাম মুলিন অভিযোগ করেন, একটি ফেসবুক আইডি থেকে আরিফুল ইসলাম মোস্তাফা দুই ব্যবহার করে তাকে অনৈতিক প্রস্তাব দেওয়া হয়। এ বিষয়ে জানতে চাইলে তাকে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে বলেও তিনি দাবি করেন। পরোক্ষপূর জেলা ছাত্রদের সভাপতি সালাউদ্দিন তালুকদার কবীর বলেন, সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে জেলা ছাত্রদের সিনাক্ত অনুযায়ী মো. আরিফুল ইসলামকে প্রাথমিক সদস্যসভা দলের সব সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। ছাত্রদল শৃঙ্খলা পরিপন্থি কোনো কর্মকাণ্ডকে প্রর্রয় দেয় না।

উজিরপুরে মানসিক অশান্তিতে

অবস্থায় তাকে খুলতে দেখা যায়। পরে দ্রুত তাকে উজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়া হয়ে কর্তব্যরত চিকিৎসক দ্রুত যৌথনা করেন। নিহতের ভাই সুশান্ত বাউড় বলেন, তার বোনের স্বামীর কথিত পরকীরার কারণে দীর্ঘদিন ধরে সবসময়ে আশঙ্কি চলছিল। সেই মানসিক পদা পথেই তার বোনের আত্মহত্যা পথ বেয়ে দিয়েছেন বলে পরিবারের ধারণা। এ বিষয়ে জানতে অরুণ হালাদারের সঙ্গে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হয়েছে তাও ব্যর্থ বক্তব্য পাওয়া যায়নি। উজিরপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসি) মো: রকিবুল ইসলাম বলেন, লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদনে পাওয়ার পর মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে বলে জানান তিনি।

ফুটো দিয়ে বৃষ্টি পড়ে গরমে অতিষ্ঠ: কাউখালীতে

পানিতেই তা খেলায় অনুপ্রাণিত হয়ে পড়ে। শিক্ষার্থীদের কষ্ট ও পাকা ভরনের আকৃতি বিদ্যালয়ের নিয়মিত সরাসরে শেরে কোমলমন্দির শিক্ষার্থীরা জানায়, সামান্য বৃষ্টি হলেই টিনের ছিদ্র দিয়ে পানি পড়ে বই-খাতা ভিজে নষ্ট হয়ে যায়। মাস্টার ফ্লোর ভিজে ম্যাটসেতে হয়ে যায় এবং সেখানে বসে থাকা বসদের হয়ে পড়ে। এছাড়া প্রচণ্ড সূর্যের তাপে টিনশেড ঘরের ভেতরের গরমে শিক্ষার্থীরা প্রায়া অসুস্থ হয়ে পড়ে। অন্যান্য বিদ্যালয়ের মতো একটি পাকা বসনে ফায়ের নিচে বসে পাঠগ্রহণের অকুল দাবি জানিয়েছে তারা। ঐতিহাসিক ক্ষেপণটি ও সাকল্যের চিত্র বিদ্যালয় সূজে জানা যায়, ১৯৯৯ সালে স্থানীয় শিক্ষানুরাগী শাহাবুদ্দিন তালুকদার এলাকাবাসীর সহায়তায় দেড় একর জায়গার ওপর এই টিনশেড ঘরটি তৈরি করেন। পরে ১৯৮৫ সালে বিদ্যালয়টি জাতীয়করণ করা হয়। বর্তমানে জরাজীর্ণ মাত্র ৭টি কক্ষে ১৬০ জন শিক্ষার্থীর পঠাদান ও দাণ্ডরিক কাজ চলছে। নানা প্রতিকূলতার পরও প্রতিষ্ঠানটির শিক্ষার্থীরা এসএসসিতে ভালো ফলাফলের পাশাপাশি বিভিন্ন পাবলিক পরীক্ষায় বৃষ্টি লাভ করে কৃতিত্বের স্বাক্ষর রাখছে। সবেক শিক্ষার্থী ও অভিভাবকদের ক্ষোভ বিদ্যালয়ের প্রাক্তন শিক্ষার্থী ও অভিভাবক রাজ্জাক তালুকদার বলেন, অতীতে তারা যেভাবে টিনের ঘরে পড়াশুনা করতেন, আজও তাদের সন্তানরা একই জরাজীর্ণ পরিবেশে র্রাস করতে বাধ্য হচ্ছে। দীর্ঘদিনের বিদ্যালয়ে আধুনিক উন্নায়নের ছোঁয়া না লাগা অত্যন্ত দুঃখজনক। শিক্ষার উপরূক্ত পরিবেশ বর্মানু র রাখতে দ্রুত একটি পাকা ভবন নির্মাণের জন্য সরকারের সংশ্লিষ্ট দপ্তরের সুদৃষ্টি কামনা করেন তিনি। শিক্ষকদের উদ্যেগ ও প্রশাসনিক আশ্রাস বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জাহানারা আক্তার জানান, জরাজীর্ণ ঘরের কারণে বর্ষা বা ঝড়-বৃষ্টি হলেই শিক্ষক-শিক্ষার্থীদের নিরাপত্তা নিয়ে আতঙ্কে থাকতে হয়। নতুন ভবনের জন্য বারবার আবেদন করেও সুরাহা হয়নি। এ বিষয়ে বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুলজামান বলেন, অন্যান্য প্রতিষ্ঠানের তুলনায় এই স্কুলের ফন্ডারের মান অনেক ভালো। কোমলমন্দির শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করতে এবং পূঙ্গলোথার মান ধরে রাখতে বিদ্যালয়টিতে জরুরি ভিত্তিতে একটি পাকা ভবন নির্মাণ করে প্রয়োজন।

দুই শিক্ষাপ্রতিষ্ঠানে একাধিকভাবে অগ্নিকান্ডে ভবনের

দুই শিক্ষার্থীরা আধুনিক ও দ্রুত পরিবেশে পাঠ গ্রহণের সুযোগ পাবে, যা তাদের মেধা ও দক্ষতা বিকাশে সহায়ক হবে।” অনুদানে উপস্থিত

ছিলেন ঝালকাঠি জেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী স্নেহলতা রায়, রাজাপুর থানার অফিসার ইন্‌চার্জ (এসি) সুজন বিশ্বাস, উপজেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি আব্দুল হক নাক্ট, উপজেলা যুবদেরলর আহার্যক মাসুম বিল্লাহ পারভেজ, উপজেলা ছাত্রদেরলর সদস্যসচিব মো. রফিক হোসেন মুধাসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, সুধীজন এবং শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তারা। জানা গেছে, সরকারের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন 'অন্যাবাসিক ভবন নির্মাণ ও সম্প্রসারণ কর্মসূচি (পূর্ববর্ত-৭০১৬)' প্রকল্পের অধীনে ভবন দুটি নির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়ন করছে ঝালকাঠি শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। সংশ্লিষ্টরা জানান, নতুন একাডেমিক ভবন নির্মিত হলে বিদ্যালয় দুটির অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধি পাবে। পাশাপাশি শিক্ষার্থীরা আধুনিক শিক্ষা পরিবেশে পাঠ গ্রহণের সুযোগ পাবে, যা এলাকার শিক্ষার মানোন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

ঝালকাঠিতে মহাসড়ক খুঁড়ে

মহাসড়কের নিচে নতুন করে গভীর সুড়ঙ্গ করে আরও একটি ড্রেনারের পাইপ বসিয়েছে বলে স্থানীয়রা জানান। স্থানীয়দের দাবি, প্রতিদিন এ পথে যাত্রীবাহী বাস, ট্রাকসহ অসংখ্য ভারী যানবাহন চালাল করে। সুড়ঙ্গের নিচে এভাবে সুড়ঙ্গ তৈরি করায় যেকোনো সময় রাজা ধসে পড়ে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। পাশাপাশি সরকারি সম্পদেরও ব্যাপক ক্ষয়ক্ষতিও আশঙ্কা রয়েছে। অভিযোগের বিষয়ে ‘বন্ধন ট্রেনার’-এর স্বত্বাধিকারী তানজাব হোসেনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি মহাসড়কের নিচে সুড়ঙ্গ তৈরির অভিযোগ অস্বীকার করেন। তিনি জানান, এ ধরনের কোনো কাজ তাদের পক্ষ থেকে করা হয়নি। উল্লেখ্য, তিনি বাবু ব্যবসার পাশাপাশি একটি বেসরকারি ব্যাংকেও কর্মরত রয়েছেন। এ বিষয়ে নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) রিজভী আহমেদ সবুজ বলেন, ‘বিষয়টি সম্পর্কে আমরা অভিযোগ পেয়েছি। প্রাথমিকভাবে জানা গেছে, এটি আগেই করা হয়েছিল এবং রাজার অপর পাশের পানি নিকাশনের জন্য ব্যবহার করা হতো। তবে প্রশাসন বা সওতরের কোনো অনুমতি নেওয়া হয়েছিল কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। যদি ওই পাইপ ব্যবহার করে অবৈধভাবে বাস সরবরাহ করা হয়ে থাকে, তাহলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা নেওয়া হবে।’ ঝালকাঠি সড়ক ও জনপথ বিভাগের উপ-নিভাগীয় প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) মো. আল-আমীন বলেন, ‘আমাদের বিভাগ থেকে মহাসড়ক খুঁড়ে পাইপ বসানোর কোনো অনুমতি দেওয়া হয়নি। এটি সম্পূর্ণ অসংইনি। ঘটনাস্থল পরিদর্শন করে দ্রুত প্রয়োজনীয় আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।’ এদিকে নদীভাঙন কবলিত এই এলাকার একমাত্র প্রধান সড়কটি রক্ষায় অবৈধভাবে বসানো ড্রেনারের পাইপ দ্রুত অপসারণ, সড়কের ক্ষয়ক্ষতি নিরূপণ এবং দারীদেয় বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন স্থানীয় সচেতন মহল। তাদের মতে, সময়মতো ব্যবস্থা না নিলে যেকোনো মুহূর্তে বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে।

চিকিৎসার ছুটি নিয়ে স্বামীর কাছে

বিদ্যালয়টিতে গিয়ে দেখা যায়, প্রধান শিক্ষক এস এম সেলিম হোসাইনের অবসরের পর সেখানে চারজন শিক্ষক কর্মরত ছিলেন। তাদের মধ্যে সহকারী শিক্ষক শায়লা আমিন গত ৩০ মার্চ থেকে ছয় মাসের মাতৃত্বকালীন ছুটিতে রয়েছেন। এরপর সহকারী শিক্ষক আশরা আক্তার শাভা দুই মাসের চিকিৎসাজনিত ছুটি নিয়ে কর্মস্থল থেকে অনুপস্থিত হন। গত ১৬ জুন নলছিটি উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার কাছে দেওয়া ছুটির আবেদনে আশরা আক্তার শাভা উল্লেখ করেন, তিনি শারীরিকভাবে অসুস্থ বোধ করায় চিকিৎসকের শরণাপন্ন হয়েছেন। চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ১৬ জুন থেকে ১৩ আগস্ট পর্যন্ত চিকিৎসাজনিত ছুটি ভোগের অনুমতি চান তিনি। আবেদনে তিনি আরও উল্লেখ করেন, তার কর্মস্থল থেকে বাড়ির দূরত্ব প্রায় ৩০ কিলোমিটার। শারীরিক অবস্থার কারণে বিদ্যালয়ে উপস্থিত থেকে নিয়মিত দায়িত্ব পালন করা তার পক্ষে অত্যন্ত কষ্টসাধ্য। তবে স্থানীয়দের দাবি, ছুটি চলাগলে তিনি বিদেশে অবস্থান করছেন। চিকিৎসাজনিত ছুটি নিয়ে বিদেশে যাওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় সরকারি অনুমোদন নেওয়া হয়েছিল কি না, তা নিয়েও প্রশ্ন উঠছে। স্থানীয়রা আরও দাবি করেন, ছুটি চালাকালে তিনি বিদেশে তার স্বামীর কাছে গেছেন। ফলে বর্তমানে বিদ্যালয়টিতে দীর্ঘত পালন করছেন ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ফেরদাউস ও একজন সহকারী শিক্ষক। মাত্র দুই জন শিক্ষক দিয়ে বিদ্যালয়ের পঠাদান ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা করছে হচ্ছে। এতে শিক্ষার্থীদের পঠাদন ব্যাহত হওয়ার পাশাপাশি শিক্ষার মানও প্রকল্পে হুঁড়ে বলে স্থানীয়দের অভিযোগ। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষককে মাসিক ৭০ হাজার, উপজেলা পর্যায়ের বৈঠক বা অন্য সরকারি কাজে বাইরে যেতে হলে বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম আরও ব্যাহত হয়। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মো. ফেরদাউস বলেন, ছুটির আবেদন অনুযায়ী তাকে ছুটি দেওয়া হয়েছে। লোকমুখে শুনেছি, তিনি স্বামীর কাছে গিয়েছেন। এ বিষয়ে তিনি আমাদের সঙ্গে কোনো যোগাযোগ করেননি। নলছিটি উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শিরিন আক্তার বলেন, বিষয়টি যাচাই করে দেখা হবে। ছুটির আবেদন ও সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। অভিযোগের বিষয়ে আশরা আক্তার শাভার বক্তব্য জানতে তার মোবাইলে একাধিকবার কল করা হলেও সেটি বন্ধ পাওয়া যায়। পরে হোয়াটসআপে ফুদে বার্তা পাঠানো হলেও তার কোনো সাড়া পাওয়া যায়নি।

কার্ড থাকলেও চাল পাচ্ছেন

সন্তেও ফরাজাঞ্জ ইউনিয়নের বহু প্রকৃত জেলেমে চাল না দিয়ে খালি হাতে ফিরিয়ে দিচ্ছে ইউনিয়ন পরিষদ (ইউপি)। স্থানীয় জেলে মো. বাবুল হিজের ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘গত ৫ আগস্টের পর থেকে আমি কোনো সরকারি চাল পাইনি। আমার নামে বৈধ জেলে কার্ড রয়েছে। কিন্তু ইউনিয়ন পরিষদে গেলে বলা হয়, এই কার্ডের চাল নাকি আবেশি দেওয়া হয়ে গেছে। আমার অংশের চাল কে তুলল, কেউ এখানে স্পষ্ট উত্তর দিচ্ছে না।’ একই ভোগান্তির কাল জানান আলী আহমদ, জঙ্কুল হক ও রতন মাধি। তারা জানান, আগে নিয়মিত চাল পেলেও এখন আর তাদের চাল দেওয়া হচ্ছে না। ইউপি কার্যালয়ে গেলে জানানো হচ্ছে, তাদের নামে কোনো বরাদ্দই আসেনি। সরকারের সব নিয়ম ও নিষেধাজ্ঞা মেনে নদী ও সাগরে মাছ ধরা বন্ধ রাখলেও সহায়তার সময় এভাবে বর্ধিত হওয়ায় তারা পরিবার-পরিজন নিয়ে চরম কষ্টে দিন কাটছেন। অনিয়মের এই অভিযোগের বিষয়ে নিরস্ত হতে ইউপি ও উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট দপ্তরে গিয়ে তারা বিতর্কিতের সুবিধাভোগীদের তালিকা (বেনিফিশিয়ারি লিস্ট) ও মাস্টাররোল দেখতে চাইলে কোনো তথ্যই দিতে পারেনি কর্তৃপক্ষ। লালমোহন উপজেলা মহস্য দপ্তর সূজে জানা গেছে, সমুদ্রে ৫৮ দিনের নিষেধাজ্ঞার বিরূীতে সরকার ৫৭ দিনের খাদ্য সহায়তা বরাদ্দ দিয়েছে। তবে ফরাজাঞ্জ ইউনিয়নে মোট নিরব্ধিত জেলের সংখ্যা ৩ হাজার ৩৫৫ জন এবং বরাদ্দ বরাদ্দ এসেছে মাত্র ১ হাজার জনের জন্য, যার পরিমাণ ৭৭.৩৩ মেট্রিক টন। বরাদ্দে এই বড় ঘাটতিতে চাল বলাচ্ছেন স্থানীয় জনপ্রতিনিধিরা। চাল বিভাগের স্বজনস্বীতি ও অনিয়মের অভিযোগে প্রসঙ্গে ফরাজাঞ্জ ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মো. মোস্তাফা কামাল বলেন, ‘আমরা নিয়ম মেনেই চাল বিতরণ করছি। তবে নিরব্ধিত জেলেদের তুলনায় বরাদ্দ অনেক কম এসেছে। ফলে সবাইকে চাল দেওয়া সম্ভব হচ্ছে না।’ অন্যদিকে চাল বিতরণে অনিয়মের ইঙ্গিত পাওয়া গেছে উপজেলা প্রশাসনের বক্তব্যেই। লালমোহন উপজেলা মহস্য কর্মকর্তা আলী আহমদ আখন্দ স্বীকার করেন, ‘কিছু অনিয়ম হয়েছে। বিষয়টি সম্পর্কে বিস্তারিত তথ্য ইউনিয়ন পরিষদের কাছ থেকেই পাওয়া সম্ভব।’ এ বিষয়ে লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোহাম্মদ সিফাত বিন সাদেক বলেন, ‘বিষয়টি খতিয়ে দেখা হবে। এ সংক্রান্ত কোনো লিখিত অভিযোগ গেলে তদন্ত সাপেক্ষে দোষীদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।’

চাঁদা দাবির মামলার বিএনপির

করে আসছিলেন এবং তিনি এলাকায় গ্রামের ব্যবসা করেন। কিন্তু হঠাৎ ক্ষমতার অপব্যবহার করে মোতারার হোসেন আলমশীর মালতিয়া বাদীর কাছে ৩ লাখ টাকা চাঁদা দাবি করেন এবং চাঁদার টাকা না দেওয়ায় আসামিরা বাদীর বসতঘরে তালা দেয় এবং বাদীকে মারধর করেন। পরবর্তীতে ভুক্তভোগী মো. ছালাম বাদী হয়ে গত ৭ এপ্রিল আদালতে মামলা দায়ের করেন। মামলার আসামিরা উচ্চ আদালত থেকে ৬ সপ্তাহের জামিনে ছিলেন এবং আজকে নিম্ন আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে আদালত জামিন না মঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেয়। মামলার বাদী মো. ছালাম বলেন, আদালতে আজকে আমি ন্যায় বিচার পেয়েছি, আসামি

জামিন পাননি। আসামিরা আমার কাছে ৩ লাখ টাকা চাঁদা দাবি করে আমার বসতঘরে তালা দিয়ে আমাকে মারধর করেছে। স্থানীয় হাসপাতালে চিকিৎসাও নিতে দেননি, থানায় মামলা করত্রেও দেননি। পরে আমি আদালতে মামলা করেছি। আজকে জেলা জজ তার জামিন আবেদন নামঞ্জুর করেছেন। ভোলা কোর্ট পুলিশের পরিদর্শক সেখ মো.নাসীর উদ্দিন বলেন, জজ আদালত থেকে আসামিকে আমাদের কাছে পাঠানো হয়েছে। আসামিকে কারাগারে পাঠানোর কার্যক্রম চলমান রয়েছে।

হাম ও উপসর্গে আরও

গত ২৪ ঘটীয় ঢাকা বিভাগে হামে আক্রান্ত একজনের মৃত্যু হয়েছে। আর হামের উপসর্গ নিয়ে চট্টগ্রাম বিভাগে দুইজনের মৃত্যু হয়েছে। একই সময়ে নতুন করে হাম ও হামের উপসর্গের রোগী শনাক্ত হয়েছে এক হাজার ৭৫ জন। গত ২৪ ঘটীয় নিশ্চিতভাবে হাম শনাক্ত হয়েছে ৭৯ জনের শরীরে। এ নিয়ে মোট হাম আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ১৫ হাজার ৭৩৯ জনে। এছাড়া নতুন করে ৯৯৬ জনের শরীরে হামের উপসর্গ পাওয়া গেছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দিয়েছে এক লাখ ২৬ হাজার ৫৪০ জনের। এ ছাড়া ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছেএন এক লাখ ৯ হাজার ৩৬৬ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন এক লাখ পাঁচ হাজার ১৯৮ জন।

সাবেক এমপি হিরুর দাফন

নেতৃবৃন্দ, জনপ্রতিনিধি, সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের প্রতিনিধি, অনিবেশ-ওলামা এবং বিভিন্ন শ্রেণি-পেশার মহোদয় অংশ নেন। দশমত নির্দেশনে হাজারো মানুষ জানাজায় উপস্থিত হয়ে সাংস্কৃতিক এবং সংগদ সন্দ্যাকে শেষ বিশায় জানান এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করেন। গোলাম সরোয়ার হিরু সোমবার দিবাগত রাত্তে রাজধানীর বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাম হয়েন (ইম্মা লিলাহি ওয়া ইম্মা ইলাহিহি রাজিউন)। মৃত্যুকালে তিনি পরিবার-পরিজন, আত্মীয়-স্বজন, অসংখ্য শুভাকাঙ্ক্ষী ও গুণগ্রাহী রখে গেছেন। তাঁর মৃত্যুতে বিভিন্ন রাজনৈতিক, সামাজিক ও পেশাজীবী সংগঠনের নেতারা গভীর শোক প্রকাশ করেছেন এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

বাউকলে চাঁদাবাজির মামলায়

আসামি করা হয়েছে। মামলা দায়েরের পরই পুলিশ তাদের প্রোড়ারে অভিযান চালায়। মামলার এজাহারে উল্লেখ করা হয়েছে, বাদীর ভাই প্রায় তিন বছর আগে একটি অসম বিয়ে করেন। বর্তমানে তাদের একটি কন্যাসন্তান রয়েছে। অভিযোগে বলা হয়, ওই অসম বিয়ের ঘটনাকে কেন্দ্র করে অভিভূত দুই সাংবাদিক ভুক্তভোগী পরিবারের কাছে তিন লাখ টাকা চাঁদা দাবি করেন। চাঁদা না দিলে তাদের ঘরবাড়ি পুড়িয়ে দেওয়ার হুমকি দেওয়া হয় বলেও এজাহারে উল্লেখ করা হয়েছে। মামলায় আরও বলা হয়, পরে বাদীর পরিবার স্থানীয় এক মুদি দোকানদারের কাছ থেকে ২০ হাজার টাকা ধার করে অভিভূতদের দেয়। এরপরও বাকি টাকা আদায়ের জন্য চাপ সৃষ্টি করা হয়। পরদিন আরও ১০ হাজার টাকা দেওয়ার শর্ত দেওয়া হয়। যাওয়ার সময় মোবাইল ফোনে জোরপূর্বক একটি ভিডিও ধারণ করা হয় এবং বিষয়টি কাউকে জানানো প্রাণনাশের হুমকি দেওয়া হয় বলেও অভিযোগ করা হয়েছে। তবে অভিযোগ সাংবাদিক এনামুল হক এনা ও মো. রিয়াজ তাদের বিরুদ্ধে আনা অভিযোগ অস্বীকার করেছেন। তাদের দাবি, চাঁদাবাজির অভিযোগ সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রসঙ্গিত। স্থানীয় একটি বিষয়ে সংবাদ সঙ্গ্রহ করতে গেলে প্রতিহিংসাবোধ তাদের বিরুদ্ধে এ মামলা করা হয়েছে। এ বিষয়ে বিবেচনাধার ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসি) মোহাম্মদ রি়াজুল ইসলাম বলেন, ‘বাদীর লিখিত অভিযোগের ভিত্তিতে মামলা রুজু করা হয়েছে। অভিভূতদের প্রোড়ারের চেষ্টা চলছে। তদন্ত শেষে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।’

বিএনপির কার্যালয়ে চুরি

ওয়ার্ড নেতৃত্বকে খবর দেন। ঘটনাস্থলে পৌঁছে মালামাল ও নথিপত্র চুরির বিষয়টি নিশ্চিত হন নেতারা। মাছুয়াখালী ওয়ার্ড বিএনপির সভাপতি আবদুর রাজ্জাক হোসেন ও সাধারণ সম্পাদক ইউসুব পালায়ান জানান, হাউসে বসে থাকা স্থানীয়ের তালা ভেঙে ভেতরে থাকা চোয়ার, টেবিল, টেলিভিশন, ফ্রিজসহ বেশ কিছু গুরুত্বপূর্ণ নথিপত্র চুরি করে গিয়েছে। তাদের দেওয়া বিবরণের ওপর ভিত্তি করে চুরির ঘটনায় ২৬ জনের চুরির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছেন স্থানীয় নেতারা। নেতাগোীসানিকপূর্ণ ইউনিয়ন বিএনপির স্থানীয় পরিষদে জানান, মূল সত্ত্বকের পাশের কার্যালয়ে তালা ভেঙে চুরির ঘটনায় স্থানীয় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে প্রশ্ন তোলাে। এ বিষয়ে পরবর্তী আইনি পদক্ষেপ নিতে তাঁরা উপজেলা নেতৃত্বের পরামর্শ চেয়েছেন। উপজেলা বিএনপির আহার্যক মো. হিদ্দিক আহমেদ মোস্তা ও সাধারণ সম্পাদক শাহ আলম শামু জানিয়েছেন, ঘটনাটি জেনেছেন এবং দ্রুত থানায় লিখিত অভিযোগ দেওয়ার পরামর্শ দিয়েছেন। খবর পেয়ে দশমিনা থানা-পুলিশের একটি প্রতিনির্দিষ্ট দৃঢ়চানিস্থল পরিদর্শন ও আশপাশের এলাকায় প্রাথমিক অনুসন্ধান চালিয়েছে। দশমিনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (এসি) অতিকুল ইসলাম বলেন, মাছুয়াখালী এলাকার একটি অস্থায়ী পাটী লফিসে চুরির খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে বিষয়টি তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

জামায়াত নেতার ধর্ষণে অন্তঃসত্ত্বা বিধবা

নিলা মামলাটি আমলে নিয়ে গৃহ

‘বাংলাদেশের প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত জানাতে অধীর আগ্রহে অপেক্ষা করছি’

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের সরকারপ্রধানকে স্বাগত জানানোর জন্য ভারতের অধীর আগ্রহে অপেক্ষা করছি জানিয়েছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী। তিনি বলেন, বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমানকে ভারত সফরের ৩ এর পাতায় দেখুন



দুই শিক্ষাপ্রতিষ্ঠানের একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন এমপি জামাল

রাজাপুর প্রতিনিধি

রাজাপুর রাজাপুর ও কাঠালিয়া উপজেলার দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের নতুন একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন বাউফল-১ আসনের সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল। বুধবার দুপুর ২টায় রাজাপুর উপজেলার পূর্ব কান্দাসকাঠি আদর্শ নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের

চারতলা ভিত্তিবাশিষ্ট একতলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। পরে বিকেল ৩টায় কাঠালিয়া উপজেলার পশ্চিম ছিটকী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন সংসদ সদস্য রফিকুল ইসলাম জামাল। পূর্ব কান্দাসকাঠি আদর্শ নিম্নমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে

আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এমপি রফিকুল ইসলাম জামাল বলেন, “শিক্ষার উন্নয়ন ছাড়া একটি জাতির টেকসই অগ্রগতি সম্ভব নয়। বর্তমান সরকার শিক্ষাপ্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নে ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। নতুন একাডেমিক ভবন নির্মিত ৩ এর পাতায় দেখুন



জামায়াত নেতার ধর্ষণে অন্তঃসত্ত্বা বিধবা নারী, গর্ভের সন্তান নষ্টের অভিযোগ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী সদর উপজেলা যুব জামায়াতের সভাপতি মো. শহিদুল ইসলামের বিরুদ্ধে এক বিধবা নারীকে ধর্ষণের অভিযোগে আদালতে মামলা করা হয়েছে। এ ঘটনার পর থেকে পলাতক রয়েছেন অভিযুক্ত শহিদুল ইসলাম। মঙ্গলবার (২৮ জুলাই) রাতে বাদীপক্ষের আইনজীবী মো. হুমায়ুন কবির গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। এর আগে গত ২২ জুলাই পটুয়াখালী নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে বাদী হয়ে মামলা করেন ওই নারী। মামলায় একজনকেই আসামি করা হয়েছে। আদালতের বিচারক শিরিন ৩ এর পাতায় দেখুন



সাবেক এমপি হিরুর দাফন সম্পন্ন, শেষ বিদায়ে মানুষের ঢল

পাথরঘাটা প্রতিনিধি

বরগুনা-২ (পাথরঘাটা-বামনা-বেতাপী) আসনের সাবেক সংসদ সদস্য গোলাম সরোয়ার হিরুকে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে। বুধবার (২৯ জুলাই) বেলা ১১টার দিকে পাথরঘাটা উপজেলার কালমেঘা ইউনিয়নের নিজ বাড়ি সংলগ্ন কালমেঘা মুসলিম মাধ্যমিক বিদ্যালয় মাঠে ভৃতীয় ও শেষ জানাজা শেষে তাঁকে পারিবারিক কবরস্থানে সমাহিত করা হয়। এর আগে মঙ্গলবার সন্ধ্যায় রাজধানীর শাহবাগ এলাকার একটি মসজিদে তাঁর প্রথম জানাজা অনুষ্ঠিত হয়। বুধবার সকাল ১০টায় পাথরঘাটা কেন্দ্রীয় জামে মসজিদে দ্বিতীয় জানাজা অনুষ্ঠিত হয়। পরে মরহুমের মরদেহ নিজ এলাকায় পৌঁছালে কালমেঘা মুসলিম মাধ্যমিক বিদ্যালয় মাঠে ভৃতীয় জানাজা অনুষ্ঠিত হয়। শেষ জানাজায় রাজনৈতিক ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে

নিউ লাইফ

মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড

যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।

০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

কীর্তনখোলা

বরিশাল ৯ বৃহস্পতিবার ৯ ৩০ জুলাই ২০২৬ ৯ ১৫ শ্রাবণ ১৪৩৩

ভারত থেকে অক্সিজেন আমদানি করেই চলছে বরগুনা জেনারেল হাসপাতাল

বরগুনা প্রতিনিধি

বরগুনা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে চার বছর ধরে বিকল জাতিসংঘের উপহার দেওয়া বাতাস থেকে অক্সিজেন তৈরির নিজস্ব অক্সিজেন প্র্যান্টি মেরামতের জন্য মন্ত্রণালয়ের চিঠি দেয়া হলেও কোন সুরাহা পরিবর্তে ভারত থেকে আমদানি করা অক্সিজেন কিনে রোগীদের সরবরাহ করতে হচ্ছে। এতে প্রতি মাসে ব্যয় হচ্ছে অতিরিক্ত পাঁচ লাখ টাকারও বেশি। আর উপহারের অক্সিজেন প্র্যান্টটি মেরামতের জন্য মন্ত্রণালয়ের চিঠি দেয়া হলেও কোন সুরাহা মেলেনি। তবে প্র্যান্টটি

মেরামতের উদ্যোগ নেওয়ার আশ্বাস হাসপাতাল কর্তৃপক্ষের। জানা গেছে, করোনা মহামারির সময় ২০২১ সালে ২৫০ শয্যা বরগুনা জেনারেল হাসপাতালে স্বাস্থ্য অধিদপ্তর, গোবাল ফান্ড ও ইউএনওপিএসের সহায়তায় দেশের ৩ এর পাতায় দেখুন

ফুটো দিয়ে বৃষ্টি পড়ে গরমে অতিষ্ঠ: কাউখালীতে ভবন সংকটে নষ্ট হচ্ছে শিক্ষার পরিবেশ

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালী উপজেলার চিরাপাড়া পারসাতুরিয়া ইউনিয়নের উত্তর নীলতি সমতট মাধ্যমিক বিদ্যালয়ে জরাজীর্ণ টিনের ঘরেই বুকি নিয়ে চলছে শিক্ষার্থীদের পাঠদান। প্রায় দীর্ঘ ৫৭ বছর ধরে এভাবে প্রতিকূল পরিবেশের মধ্য দিয়ে বিদ্যালয়ের নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে। শুধু শ্রেণিকক্ষই জরাজীর্ণ ভবন ও জলাজট দুর্ভোগে বিদ্যালয়টির হওয়ায় সামান্য

টিনের চালার ঘরগুলো অতিরিক্ত পুরনো হয়ে জং ধরে ছিদ্র হয়ে গেছে। সামান্য বৃষ্টি হলেই চালের ছিদ্র দিয়ে পানি পড়ে এবং কান্দাপানিতে একাকার হয়ে যায় মাটির তৈরি শ্রেণিকক্ষের মেঝে। এর ফলে শিক্ষক ও শিক্ষার্থীদের চরম দুর্ভোগ পোহাতে হয়।

৩ এর পাতায় দেখুন

সমকামিতার অভিযোগ ওঠা সেই ছাত্রদল নেতা বহিষ্কার

পিরোজপুর প্রতিনিধি

সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগে পিরোজপুরের নেছারাবাদ (বরুপকাঠী) উপজেলার শহীদ স্মৃতি ডিগ্রি কলেজ ছাত্রদের সভাপতি মো. আরিফুল ইসলামকে প্রাথমিক সদস্যসহ দলের সব সাংগঠনিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল, পিরোজপুর জেলা শাখার প্রকাশিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, পিরোজপুর জেলা ছাত্রদলের সিদ্ধান্ত অনুযায়ী সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গের সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে এ বহিষ্কার কার্যক্রম করা হয়েছে। সিদ্ধান্ত অনুমোদন দেন জেলা ছাত্রদলের সভাপতি সালিমউদ্দিন তালুকদার কুমার এবং সাধারণ সম্পাদক মাহমুদ হাসান শাহীন। বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সাংগঠনের সকল পর্যায়ের নেতাকর্মীদের বহিষ্কৃত নেতা মো. আরিফুল ৩ এর পাতায় দেখুন



চিকিৎসার ছুটি নিয়ে স্বামীর কাছে বিদেশে গেলেন স্কুল শিক্ষিকা

নলছিটি প্রতিনিধি

চিকিৎসাজনিত ছুটি নিয়ে বিদেশে যাওয়ার অভিযোগ উঠেছে ঝালকাঠির নলছিটি উপজেলার ৫০ নম্বর কুশঙ্গল নিকাড়িপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা আয়শা আক্তার শান্তার বিরুদ্ধে। তবে তার ছুটির আবেদনপত্রে বিদেশে যাওয়ার কোনো তথ্য উল্লেখ নেই। সেখানে শারীরিক অসুস্থতার কথা জানিয়ে চিকিৎসার জন্য ছুটি চাওয়া হয়েছে। সম্প্রতি ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে মহাসড়ক খুঁড়ে সুরক্ষা ড্রেজারের অবৈধ পাইপ

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলার খোজাখালি এলাকায় সড়ক ও জনপথ (সেওজ) বিভাগের আওতাধীন নলছিটি-বরিশাল প্রধান আঞ্চলিক মহাসড়কের নিচে অবৈধভাবে সুড়ঙ্গ তৈরি করে ড্রেজারের পাইপ বসানোর অভিযোগ উঠেছে। ওই পাইপের মাধ্যমে নদী থেকে অবৈধভাবে বায়ু উত্তোলন ও পরিবহন করা হচ্ছে বলে অভিযোগ স্থানীয়দের। এতে নদীভাঙনবাবৎ এলাকার নদীতীরবেঁধা গুরুত্বপূর্ণ এই মহাসড়কটি মসে পড়ার আশঙ্কা দেখা দিয়েছে। সরেজমিনে দেখা যায়, খোজাখালি এলাকায় নদীর তীরভূমিতে গড়ে উঠেছে একাধিক বালুর খোলা। অভিযোগ রয়েছে, এসব খোলার অধিকাংশই কোনো ধরনের অনুমতি ছাড়াই মহাসড়কের নিচে দিয়ে সুড়ঙ্গ তৈরি করে ড্রেজারের পাইপ স্থাপন করেছে। সর্বশেষ গত রোববার গভীর রাতে ‘বন্ধন উদ্ভাস’ নামে একটি বালুর খোলা ৩ এর পাতায় দেখুন

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন

এম.বি.বি.এস. এফ.সি.পি.এস. ফেলো ডটট. এইচ.ও. (অস্ট্রেলিয়া)
অধ্যাপক ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এস)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ

চেষ্টার:
মেডিনোভা ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-০৫৪৯৭৫

বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

ইরানকে অস্ত্র দিচ্ছে চীন, মজুত ফুরাচ্ছে যুক্তরাষ্ট্রের: নতুন বাস্তবতা

কীর্তনখোলা ডেস্ক

মধ্যপ্রাচ্যে ইরানকে ঘিরে চলমান সংঘাত এখন শুধু যুক্তক্ষেত্রেই সীমাবদ্ধ নেই। এটি নতুন করে বদলে দিচ্ছে আঞ্চলিক ও বৈশ্বিক শক্তির ভারসাম্য। একদিকে কয়েক মাসের সংঘাত যুক্তরাষ্ট্রের বিপুল অস্ত্র ব্যবহারে মজুত নিয়ে উদ্বেগ তৈরি ৩ এর পাতায় দেখুন



নিজ বাড়িতে মানুষের অভিযোগ শুনলেন জামায়াতের এমপি ড. মাসুদ

বাউফল প্রতিনিধি

পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ নিজ বাড়িতে আসা বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের অভিযোগ ও প্রত্যাশার কথা শুনেছেন। বুধবার (২৯ জুলাই) সকাল থেকে উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও ওয়ার্ড থেকে শতাধিক মানুষ তার বাসভবনে আসেন। কেউ ব্যক্তিগত সমস্যার সমাধান চান, কেউ পারিবারিক সংকটের কথা তুলে ধরেন। আবার অনেকে শিক্ষা, চিকিৎসা, যোগাযোগব্যবস্থা, সামাজিক উন্নয়ন এবং এলাকার বিভিন্ন সমস্যা নিয়ে তার সঙ্গে আলোচনা করেন। সংশ্লিষ্ট সমস্যাসমূহের গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় দিকনির্দেশনা ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে মানসিক অশান্তিতে গৃহবধূর আত্মহত্যা

উজিরপুর প্রতিনিধি

বরিশালের উজিরপুরে শিল্পী হাওলাদার (৪৫) নামে এক গৃহবধুর খুলন্ত লাশ উদ্ধার করেছে পুলিশ। বুধবার (২৯ জুলাই) সকালে উপজেলার শোলক ইউনিয়নের দক্ষিণ ধামুরা গজেন্দ্র গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিল্পী হাওলাদার শহীদ স্মরণিকা ডিগ্রি কলেজের প্রভাষক অরুণ হাওলাদারের স্ত্রী। স্বজন ও স্থানীয় সূত্রে জানা যায়, সকাল ১১ টার দিকে শিল্পী হাওলাদারের ১৭ বছর বয়সী ছেলে জিত মায়ের কক্ষের দরজা ভেতর থেকে বন্ধ দেখতে পেয়ে ডাকডাকি করে। কোনো সাড়া না পেয়ে স্বজনদের খবর দেয়া হয়। পরে দরজা ভেঙে ঘরে ঢুকে সিলিং ফ্যানের সাথে গলায় ফাঁস লাগানো ৩ এর পাতায় দেখুন



কার্ড থাকলেও চাল পাচ্ছেন না ভোলায় জেলেরা

লালমোহন প্রতিনিধি

সরকারি নির্বাহিত জেলে কার্ড ও মাস্টারকোড নাম দুটাই আছে। তা সত্ত্বেও মিলছে না সরকারি ভিজিএফের চাল। দুসপ্তাসপরে ৫৮ দিনের সামুদ্রিক মাছ ধরার নিষেধাজ্ঞা চলার এই দুঃসপ্তময়ে খাদ্য সহায়তা থেকে বঞ্চিত ভোলায় লালমোহন উপজেলার ফরাঙ্গপাড়া ইউনিয়নের শতাধিক জেলে। সরকারি বরাদ্দ থাকা সত্ত্বেও চাল না পেয়ে স্থানীয় জেলেদের মধ্যে চরম ক্ষোভ ও অসন্তোষ ছড়িয়ে পড়েছে। ভুক্তভোগী জেলেদের অভিযোগ, গভীর সমুদ্রে মাছ ধরা বন্ধ থাকায় জীবিকা হারিয়ে তারা দিশেহারা। এই সময়ে তাদের সহায়তায় জনঘটিত ৭৭ কেজি করে সরকারি ভিজিএফ চাল বরাদ্দ পেওয়ার কথা। কিন্তু নির্বাহিত ও বৈধ তালিকার নাম থাকা ৩ এর পাতায় দেখুন

কীর্তনখোলা

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এই২এসপি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮১৯

হাম ও উপসর্গে আরও ৩ শিশুর মৃত্যু প্রাণহানি বেড়ে ৮৩১

কীর্তনখোলা ডেস্ক
দেশে চলমান হাম পরিস্থিতি এখনো উদ্বেগজনক। গত নতুন করে হাম ও হামের উপসর্গে আরও তিন শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে এ পর্যন্ত হাম ও উপসর্গে মোট প্রাণহানি দাঁড়িয়েছে ৮৩১ জনে। একই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছে এমন এক হাজার ৭৫ জন। এর মধ্যে হামের উপসর্গে ৭৩৫ জন এবং হামে আক্রান্ত হয়ে ৯৬ জনের মৃত্যু হয়েছে। বুধবার (২৯ জুলাই) স্বাস্থ্য অধিদপ্তরের হামবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে ৩ এর পাতায় দেখুন

বিশিষ্টরাষ্ট্রের রাহমনির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার

All Kinds Of Computer Solution, Accessories Selling, Training & Digital Photography

উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহমেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় : সৌরভ লজ, গোড়াটান দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com